তারিখ ..12 APR 2016.. ...
পৃষ্ঠা ...২... কলাম..৮... ......

সংবাদ

পাঁচ ছাত্রের বিরুদ্ধে শাস্তি

# যশোর বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের বিক্ষোভ

**যশোর অফিস**

যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (যবিপ্রবি) পাঁচ ছাত্রকে প্রায় পাঁচ মাস আগের একটি মারামারি ঘটনায় শাস্তি দেয়ায় ক্ষোভে ফুঁসে উঠেছে শিক্ষার্থীরা। শনিবার যবিপ্রবি কর্তৃপক্ষের নেয়া এই সিদ্ধান্ত প্রত্যাহার দাবিতে রোববার সকালে ক্যাম্পাসে বিক্ষোভ ও সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়। কর্মসূচি থেকে ছাত্রদের ওপর থেকে শাস্তি প্রত্যাহার ও কর্মচারীর শাস্তি বহাল রাখার দাবি করে হুঁশিয়ারি উচ্চারণ করেন শিক্ষার্থীরা।

জিইবিটি বিভাগের শিক্ষার্থী দোলা খাতুন, নাসির উদ্দিন বাদলসহ শিক্ষার্থীরা বক্তব্যে বলেন, এক ছাত্রীকে উত্ত্যক্তের প্রতিবাদ করেছিলেন শিক্ষার্থীরা। এর জের ধরে জ্যেষ্ঠ নিরাপত্তা প্রহরী বদিউজ্জামান বাদল বহিরাগতদের নিয়ে ২০১৫ সালের ১০ ডিসেম্বর শিক্ষার্থীদের ওপর হামলা করে। অথচ তদন্ত কমিটি এক ছাত্রকে আজীবন বহিষ্কার, দুই ছাত্রকে এক বছর এবং আরও দুই ছাত্রকে হল থেকে বহিষ্কারের সুপারিশ করে। যবিপ্রবি রিজেন্ট বোর্ড সেই সুপারিশ গ্রহণ করে আত্মপক্ষ সমর্থনের নির্দেশ দেয়। ছাত্রদের প্রতি এই অন্যায় কোনভাবেই মেনে নেয়া হবে না। তারা অনতিবিলম্বে ছাত্রদের ওপর নেয়া শাস্তি প্রত্যাহার দাবি জানান। একই সাথে ছাত্রদের ওপর হামলার নেতৃত্বদানকারী কর্মচারী বাদলের চাকরি থেকে বহিষ্কার শাস্তি বহাল রাখারও দাবি জানান। দাবি আদায়ে শিক্ষার্থীরা ধারাবাহিক আন্দোলন করবেন বলেও জানিয়েছেন।